ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগর ভবন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৯ তম কর্পোরেশন সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ ওসমান গণি মাননীয় প্যানেল মেয়র ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	১০ আশ্বিন ১৪২৪ ২৫ সেপ্টেম্বর, ২০১৭
সময়	:	বিকাল ০৩.০০ টা
স্থান	:	নগর ভবন, সেন্টার পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

সভাপতির সম্মতিক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও মাননীয় মেয়র জনাব আনিসুল হক এর সুস্থতার জন্য দোয়ার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়। অতপর অত্র সভার সভাপতি প্যানেল মেয়র জনাব মোঃ ওসমান গণি'কে প্রধান নির্বাহী কর্মকর্তা, প্যানেল মেয়র সদস্য জনাব মোঃ জামাল মোস্তফা'কে প্রধান প্রকৌশলী এবং প্যানেল মেয়র সদস্য আলেয়া সরোয়ার ডেইজী'কে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ফুল দিয়ে বরণ করেন।

২.০ প্যানেল মেয়র সদস্য ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন-১২, আলেয়া সরোয়ার ডেইজী প্যানেল মেয়র হিসেবে ১ম কর্পোরেশন সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং প্যানেল মেয়রবৃন্দের পথ চলায় সকলের দোয়া কামনা করেন। তিনি বলেন ডিএনসিসি'র মাননীয় মেয়র অসুস্থ থাকায় ডিএনসিসি'কে এগিয়ে নেয়ার জন্য সরকার প্যানেল মেয়র মনোনয়ন করেছো। তিনি মাননীয় মেয়রের সুস্থতা কামনা করেন এবং ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলর, কর্মকর্তা/কর্মচারীদের সাথে নিয়ে ডিএনসিসি'র চলমান অগ্রযাত্রা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দের সহযোগিতায় পবিত্র ঈদ উল আযহা/২০১৭ এর বর্জ্য ২৪ ঘন্টার মধ্যে পরিস্কার করা সম্ভব হয়েছে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সাথে প্যানেল মেয়রবৃন্দ সাক্ষাত কালে ২৪ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী স্বাগত জানিয়েছেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

৩.০ প্যানেল মেয়র সদস্য ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড-৪, মাননীয় মেয়রের সুস্থতা কামনা করে বক্তব্য শুরু করেন। তিনি ডিএনসিসি'র অগ্রযাত্রা অব্যহত রাখার জন্য প্যানেল মেয়র মনোনিত করায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকল সম্মানিত কাউন্সিলর ও ডিএনসিসি'র কর্মকর্তা/কর্মচারীদের সাথে নিয়ে জনগনের পাশে থেকে সেবা প্রদান করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং ঢাকা মহানগরীর উন্নয়নের ধারা বজায় রাখার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

৪.০ সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা পবিত্র ঈদ উল আযহা/২০১৭ উপলক্ষ্যে বর্জ্য অপসারণ সংক্রান্ত বিষয়ে বলেন, মাননীয় মেয়র অসুস্থতা জনিত অনুপস্থিত থাকা সত্ত্বেও সম্মানিত কাউন্সিলবৃন্দের সহযোগিতায় এবং ডিএনসিসি'র সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টায় ২৪ ঘন্টার মধ্যে কোরবানীর বর্জ্য অপসারণ করা সম্ভব হয়েছে। ডিএনসিসি'র এই অভূতপূর্ব সাফল্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এবং স্থানীয় সরকার বিভাগের সচিব ডিএনসিসি'র ভূয়সী প্রসংসা করেছেন। অতঃপর সভার সভাপতি, মাননীয় প্যানেল মেয়রবৃন্দ, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিগত ১১/০৭/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ	প্রধান নির্বাহী কর্মকর্তা গত ১১/০৭/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৮তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণে উপস্থিত সকলে ঐক্যমত্য পোষণ করেন।	সর্বসম্মতিক্রমে ১৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	১৮তম জরুরী কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি	১৮তম জরুরী কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়।	১। ১৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	◎ বিভাগীয় প্রধান (সকল) ◎ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৩.	মাননীয় প্যানেল মেয়রবৃন্দের সাথে ডিএনসিসি'র কর্মকর্তাগণের পরিচিতি	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ ৪৬.০৭০.০২২.০০.০০.২২৮.২০১২ (অংশ)-১১৫৮ সংখ্যক স্মারক পত্রে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা-২০(২) অনুযায়ী ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়রের প্যানেল নিম্নরূপভাবে মনোনিত করা হয়েছেঃ (১) জনাব মোঃ ওসমান গণি, কাউন্সিলর-২১ নং সাধারণ ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (২) জনাব মোঃ জামাল মোস্তফা, কাউন্সিলর-৪ নং সাধারণ ওয়ার্ড, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (৩) বেগম আলেয়া সরোয়ার ডেইজী, সংরক্ষিত আসনের কাউন্সিলর, ওয়ার্ড-৩১,৩৩,৩৪, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। মনোনীত প্যানেল মেয়রবৃন্দের সাথে ডিএনসিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণের পরিচিতি পর্ব অনুষ্ঠিত হয়।	মনোনীত প্যানেল মেয়রবৃন্দের সাথে ডিএনসিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণের পরিচিতি অনুষ্ঠিত হয়।	
০৪.	মাননীয় মেয়র বিদেশে অবস্থানকালে অসুস্থ্য থাকায় জনস্বার্থে জরুরী গুরুত্বপূর্ণ কাজের বিল পরিশোধের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৬৩ মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্তৃক অনুমোদনক্রমে বিল পরিশোধ প্রতিবেদন।	সচিব, মাননীয় মেয়র বিদেশে অবস্থানকালে অসুস্থ্য থাকায় জনস্বার্থে জরুরী গুরুত্বপূর্ণ কাজের বিল পরিশোধের লক্ষে স্থানীয় সরকার(সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৬৩ সভাকে অবহিত করেন-যা নিম্নরূপ- **প্রধান নির্বাহী কর্মকর্তার বিশেষ ক্ষমতা**- "কোন দুর্ঘটনাবশতঃ বা দুর্ঘটনার সম্ভাবনার কারণে অথবা অদৃষ্টপূর্ব কোন ঘটনা বা প্রাকৃতিক দুর্যোগের কারণে, কর্পোরেশনের সম্পত্তির ব্যাপক ক্ষতি সাধিত হলে বা হওয়ার সম্ভবনা থাকিলে অথবা জনজীবন বিপন্ন হইলে বা হওয়ার সম্ভবনা থাকিলে প্রধান নির্বাহী কর্মকর্তা সাথে সাথে উহা মেয়রকে জানাইবেন এবং যুক্তিসংগত প্রচেষ্টা সত্ত্বেও যোগাযোগ সম্ভব না হইলে তিনি তাহার বিবেচনামতে উপযুক্ত ত্বরিত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন ও তৎসম্পর্কে অবিলম্বে কর্পোরেশন কিংবা সংশ্লিষ্ট স্থায়ী কমিটির নিকট প্রতিবেদন পেশ করিবেন এবং উক্ত প্রতিবেদনে অনুরূপ ব্যবস্থা গ্রহণের কারণ এবং তজ্জন্য কমিটির যদি খরচ হইয়া থাকে বা হইতে পারে তাহাও উল্লেখ করিবেন" মাননীয় মেয়র এর অসুস্থতার কারণে অনুপস্থিত থাকায় অর্থ ও সংস্থাপন কমিটির গত ২৩/০৮/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সুপারিশ প্রদান করা হয়ঃ "মাননীয় মেয়র সুস্থ হয়ে কাজে যোগদান এর পূর্ব পর্যন্ত স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৬৩ ধারা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তাকে কর্পোরেশনের জরুরী তথা পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনসহ অন্যান্য জরুরী কাজ চালিয়ে যাওয়ার সুপারিশ করা হয়" অতপর তিনি মাননীয় মেয়র বিদেশে অবস্থানকালে অসুস্থ্য থাকায় জনস্বার্থে জরুরী গুরুত্বপূর্ণ কাজের বিল পরিশোধের লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৬৩ মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কর্তৃক অনুমোদনক্রমে বিল পরিশোধের নিম্নরূপ প্রতিবেদন সভায় উপস্থাপন করেনঃ ১. শাহ জাবিন কবির এর জুলাই/১৭ মাসের কারিগরি উপদেষ্টা ফি বাবদ ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা ২. জনাব আতিকুল ইসলাম এর জুলাই/১৭ মাসের কারিগরি উপদেষ্টা ফি বাবদ ৮০,০০০/- (আশি হাজার) টাকা ৩. জনাব মোঃ রবিউল ইসলাম এর জুলাই/১৭ মাসের কারিগরি উপদেষ্টা ফি বাবদ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ৪. জনাব মোঃ মসুদউল আলম এর জুলাই/১৭ মাসের কারিগরি উপদেষ্টা ফি বাবদ ৮০,০০০/- (আশি হাজার) টাকা ৫. এম এম সাবের সুলতান, মহাব্যবস্থাপক পরিবহন এর অনুকূলে চিকনগুনিয়া মশক নিধনের জন্য পরিবহন ভাড়া বাবদ অগ্রিম বরাদ্দ ২,১০,০০০/- (দুই লক্ষ দশ হাজার) টাকা ৬. জনাব মোঃ মহসিন, সহকারী প্রধান বর্জ্য কর্মকর্তা এর অনুকূলে ৩০০ফুট সড়কের বর্জ্য/ময়লা অপসারন বাবদ অগ্রিম বরাদ্দ ১,৭২,৫০০/- (এক লক্ষ বাহাত্তর হাজার পাঁচশত) টাকা ৭. জনাব মফিজুর রহমান ভূইয়া এর অনুকূলে শ্রমিকের মজুরী বাবদ অগ্রিম বরাদ্দ বাবদ ৪,৪৩,১২৪/- (চার লক্ষ তেতাল্লিশ হাজার একশত চব্বিশ) টাকা ৮. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-৫ এর অনুকূলে কোরবানি উপলক্ষে	স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৬৩ ধারা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদনক্রমে কর্পোরেশনের বিভিন্ন খাতে ব্যয়কৃত ৮২,৩৫,৪৩৪/- (বিরাশি লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত চৌত্রিশ) টাকা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	• প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		মাইকিং বাবদ অগ্রিম বরাদ্দ ৭১,৪১৫/- (একাত্তর হাজার চারশত পনের) টাকা ৯. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-৩ এর অনুকূলে কোরবানি উপলক্ষে মাইকিং বাবদ অগ্রিম বরাদ্দ ৭৯,৩৫০/- (উণাশি হাজার তিনশত পঞ্চাশ) টাকা ১০. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-২ এর অনুকূলে কোরবানি উপলক্ষে মাইকিং বাবদ অগ্রিম বরাদ্দ ৬৩,৪৮০/- (তেষট্টি হাজার চারশত আশি) টাকা ১১. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-৫ এর অনুকূলে PWCSP এর ট্রেনিং বাবদ অগ্রিম বরাদ্দ ১,০৪,৬৫০/- (এক লক্ষ চার হাজার ছয়শত পঞ্চাশ) টাকা ১২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-১ এর অনুকূলে কোরবানি উপলক্ষে মাইকিং বাবদ অগ্রিম বরাদ্দ ১৫,৮৭০/- (পনর হাজার আটশত সত্তর) টাকা ১৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা-অঞ্চল-৪ এর অনুকূলে কোরবানি উপলক্ষে মাইকিং বাবদ অগ্রিম বরাদ্দ ৫৫,৫৪৫/- (পঞ্চান্ন হাজার পাঁচশত পয়তাল্লিশ) টাকা ১৪. রাকিব এন্টারপ্রাইজ এর অনুকূলে অঞ্চল-৫ এর বিশেষ পরিচ্ছন্ন কাজের চলতি বিল বাবদ ৩৬,৫৭,০০০/- (ছত্রিশ লক্ষ সাতান্ন হাজার) টাকা ১৫. রাকিব এন্টারপ্রাইজ এর অনুকূলে আমিন বাজার ল্যান্ড ফিলের বর্জ্য ড্রেসিং কাজের বিল বাবদ ২৫,১৪,০০০/- (পচিঁশ লক্ষ চৌদ্দ হাজার) টাকা ১৬. এম এস আর ইন্টারন্যাশনাল এর অনুকূলে বেতের টুকরী সরবরাহ কাজ বাবদ ৩,৪৫,০০০/- (তিন লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা এবং ১৭. এসোসিয়েট প্রিন্টিং প্রেস এর অনুকূলে বাজেট বই সরবরাহের কাজ এর মুদ্রণ বিল বাবদ ৮৩,৫০০/- (তিরাশি হাজার পাঁচশত) টাকা। সর্বমোট ৮২,৩৫,৪৩৪/- **(বিরাশি লক্ষ পয়ত্রিশ হাজার চারশত চৌত্রিশ) টাকা।** উপরোক্ত বিল পর্যালোচনা করে অর্থ ও সংস্থাপন কমিটির গত ২৪/০৯/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় "স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৬৩ ধারা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদনক্রমে কর্পোরেশনের বিভিন্ন খাতে ব্যয়কৃত ৮২,৩৫,৪৩৪/- (বিরাশি লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত চৌত্রিশ) টাকা অনুমোদন যোগ্য মর্মে সুপারিশ করেন" উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর সর্বসম্মতিক্রমে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৬৩ ধারা মোতাবেক প্রধান নির্বাহী কর্মকর্তার অনুমোদনক্রমে কর্পোরেশনের বিভিন্ন খাতে ব্যয়কৃত ৮২,৩৫,৪৩৪/- (বিরাশি লক্ষ পঁয়ত্রিশ হাজার চারশত চৌত্রিশ) টাকা অনুমোদন করার বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।		
০৫.	চুক্তি/সমঝোতা স্মারক অনুমোদন প্রসঙ্গে।	প্রধান প্রকৌশলী BMDF এর অর্থায়নে World Bank এর সহায়তায় Dhaka Integrated Urban Development (DUIDP) এর চুক্তি/সমঝোতা স্মারক সভায় অবহিত করেন। তিনি বলেন, প্রকল্পটির নাম Dhaka Integrated Urban Development (DUIDP) প্রজেক্টটি ১৭৭ কোটি টাকার একটি প্রকল্প। BMDF এর সাথে চুক্তির মধ্যে ৯০% অর্থাৎ ১৬০ কোটি টাকা World Bank এবং অবশিষ্ট ১০% অর্থাৎ ১৭ কোটি টাকা ডিএনসিসির অর্থায়নে সম্পন্ন হবে। প্রকল্পের সফট কম্পোনেন্ট হলো কনসালটেন্সি ১৭ কোটি টাকা এবং হার্ড কম্পোনেন্ট এর মধ্যে রয়েছে রাস্তা ও ড্রেন উন্নয়ন খাতে ৭২ কোটি টাকা, সলিড ওয়েস্ট ও ক্লিনারদের বিভিন্ন উন্নয়নমূলক কাজের ২২.৫ কোটি টাকার একটি প্রকল্প গ্রহণ করা হবে, স্মার্ট সিটি এর মধ্যে রয়েছে GIS, ট্রেড লাইসেন্স অটোমেশন এর জন্য ২২.৫ কোটি টাকা, আরবান স্পেস ইমপ্রুফমেন্ট গুলশান এভিনিউ ও বনানী ১১ নম্বর রোডে উন্নয়নমূলক কাজে ২.৫ কোটি টাকা, অবশিষ্ট ৪০.৫ কোটি টাকা কনসালটেন্সি ও আরবান স্পেস ডেভেলপমেন্ট এর জন্য ব্যয় করা হবে। প্রক্রিয়াটি চলমান রয়েছে এবং মাননীয় মেয়র থাকাকালীন চুক্তিটি স্বাক্ষরিত হয়েছে। উপস্থিত সকল কাউন্সিলর BMDF এর অর্থায়নে World Bank এর সহায়তায় Dhaka Integrated Urban Development (DUIDP) এর চুক্তি/সমঝোতা স্মারক অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন।	BMDF এর অর্থায়নে World Bank এর সহায়তায় Dhaka Integrated Urban Development (DUIDP) এর চুক্তি/সমঝোতা স্মারক অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	● প্রধান প্রকৌশলী ● প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা